# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 MAY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্যের দুর্গম ও বিপদসংকুল অঞ্চলে বসবাস করা স্থানীয় লোকেদের নিরাপত্তার জন্য অস্ত্রের অনুজ্ঞাপত্র প্রদান করা হবে বলে আজ অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত

২) গৌহাটি হাইকোর্টের প্রবীন বিচারপতি শ্বামিমা জাহানের গৌহাটি হাইকোর্টের অতিরিক্ত প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ ।

৩) সমগ্র দেশে আগামীকাল থেকে ১২ জুন পর্যন্ত বিকশিত কৃষি সংকল্প অভিযান ।

এবং

৪) পাকিস্থানের কোনো সংস্থার সঙ্গে যোগাযোগ থাকার অভিযোগ আসাম প্রদেশ কংগ্রেসের নবনিযুক্ত সভাপতি গৌরব গগৈর অস্বীকার । মুখ্যমন্ত্রীর বিপরীত প্রতিক্রিয়া ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের দুর্গম ও বিপদসংকুল অঞ্চলে বসবাস করা স্থানীয় লোকেদের নিরাপত্তার জন্য অস্ত্রের অনুজ্ঞাপত্র প্রদান করা হবে বলে আজ অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয় । মন্ত্রীসভার বৈঠকের পর দিসপুরে অনুষ্ঠিত একটি সাংবাদিক সম্মিলনে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে নগাও , ধুবরী , দক্ষিণ শালামারা , মানকাচার , দরং ইত্যাদি জেলার দুর্গম ও বিপদসংকুল অঞ্চলের স্থানীয় লোকেদের অস্ত্রের অনুজ্ঞাপত্র প্রদান করা হবে । অস্ত্রের অনুজ্ঞাপত্র দেওয়ার জন্য আসাম আন্দোলনের পরই দাবী উত্থাপন করা হয়েছিল বলে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা মন্তব্য করেন । ----- ( বাইট )

-----------------------------------------------------------------------------------

আসাম সরকার আসাম পুলিশের অর্থনৈতিক অপরাধ অনুসন্ধান শাখা ( বি আই ই ও )-কে দুর্নীতি নিবারণ এবং তদন্ত সঞ্চালকালয়ের সঙ্গে একত্রিকরণের জন্য আনুষ্ঠানিক নির্দেশ জারী করেছে । রাজ্যের গৃহ ও রাজনৈতিক বিভাগের অতিরিক্ত মুখ্য সচিব অজয় তেওয়ারী এক বিজ্ঞপ্তিযোগে এই নির্দেশ জারী করেছেন । এই অনুসারে বর্তমানের বি-আই-ই-ও র সব কর্মচারীকে আসাম পুলিশের দুর্নীতি নিবারণ এবং তদন্ত সঞ্চালকালয়ে বদলী করা হয়েছে । একই ভাবে বি-আই-ই-ও কার্যালয়ের মামলা তথা অন্যান্য সব নথিপত্র হস্তান্তর করা হয়েছে । এছাড়াও , আই পি এস এবং এ পি এস ক্যাডারের পদ ছাড়া বর্তমানে বি-আই-ই-ও র সব শূনা পদ তাৎক্ষণিকভাবে বিলুপ্ত করা হয়েছে বলেও নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্টের প্রবীন বিচারপতি শ্বামিমা জাহান গৌহাটি হাইকোর্টের অতিরিক্ত প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন । আজ বেলা ১০টায় গৌহাটি হাইকোর্টের নতুন ভবণে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণয় তাকে কার্যভার গ্রহণ এবং গোপনীয়তা রক্ষার শপথ বাক্য পাঠ করান । শপথ গ্রহণ অনুষ্ঠানে গৌহাটি হাইকোর্টের বিচারপতি , উচ্চপদস্থ সরকারী আধিকারিক এবং অন্যান্য কয়েকজন প্রবীন অধিবক্তা উপস্থিত ছিলেন । উল্লেখ্য যে কেন্দ্রীয় আইন এবং ন্যায় মন্ত্রনালয় গত সোমবার বিচারপতি শ্বামিম জাহান সহ ৭ জন প্রবীন বিচারপতিকে দেশের বিভিন্ন হাইকোর্টের মুখ্য বিচারপতি হিসেবে নিযুক্তি প্রদান করেছে ।

------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আগামীকাল বিকশিত কৃষি সংকল্প অভিযান আরম্ভ হবে । কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের উপস্থিতিতে ওড়িষ্যার পুরী থেকে এই অভিযান আরম্ভ করা হবে । আগামী ১২ জুন পর্যন্ত আয়োজিত এই অভিযানের মাধ্যমে সমগ্র দেশের ৭শোর অধিক জেলাকে অর্ন্তভুক্ত করা হবে । কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রনালয়ের পক্ষ থেকে এই মর্মে এক বিবৃতি প্রকাশ করে বলা হয়েছে যে ১৫ দিনব্যাপী এই অভিযানের সময় শ্রী চৌহান কম করে ২০টি রাজ্য সফর করে কৃষক এবং কৃষি বিজ্ঞানীদের উৎসাহিত করা ছাড়াও তাদের সঙ্গে সরাসরি আলোচনায় মিলিত হবেন । কেন্দ্রীয় মন্ত্রীর সফরসূচির তালিকায় আসাম সহ মেঘালয় ,তামিলনাডু , তেলেঙ্গানা , অন্ধ্র প্রদেশ , বিহার , ছত্তিশগড় , উত্তর প্রদেশ ইত্যাদি রাজ্য রয়েছে । এই অভিযানের মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্তের কৃষকদের খারিফ শষ্যের উৎপাদন বৃদ্ধিতে অত্যাধুনিক পদ্ধতির সুফল নিয়ে আলোচনা করা ছাড়াও সরকারের কৃষি কর্মসূচি তথা নীতিসমূহের ক্ষেত্রে সচেতনতা গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।

---

প্রধানমন্ত্রীর 'ল্যাব টু ল্যান্ড' অর্থাৎ পরীক্ষাগার থেকে কৃষিজমিতে শীর্ষক উদ্যোগের সঙ্গে সামঞ্জস্য রেখে শ্রীভূমি জেলায়ও আগামীকাল থেকে আগামী বারোই জুন পর্যন্ত বিকশিত কৃষি সংকল্প অভিযানের আয়োজন করা হচ্ছে । কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে এবং ভারতীয় করষি গবেষণা পরিষদের সহযোগিতায় আয়োজিত দেশব্যাপী এই প্রচারের লক্ষ্য হচ্ছে গবেষণা এবং গ্রামীণ কৃষি পদ্ধতির মধ্যে ব্যবধান দূর করে ভারতীয় কৃষিকে মজবুত করা । এতে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানের ঘোষিত এই অভিযান দেশের সাতশোটিরও বেশি জেলায় ছড়িয়ে পড়বে । এই অভিযানের মাধ্যমে তৃণমূল পর্যায়ে পৌঁছে কৃষকদের অত্যাধুনিক কৃষি জ্ঞান এবং সরকারি সহায়তা দিয়ে শিক্ষিত ও দক্ষ করে তোলার প্রচেষ্টা করা হবে । শ্রীভূমিতে কৃষি বিজ্ঞান কেন্দ্র, জেলা কৃষি বিভাগ, কৃষি প্রযুক্তি বিভাগ, জেলার পশুপালন ও পশুচিকিৎসা বিভাগ, মৎস্য, বন, সেচ বিভাগ সহ অন্যান্যরা একযোগে এই সচেতনতা অভিযান পরিচালনা করবে ।

---

শ্রীভূমি জেলার কৃষি আধিকারিক এক বিজ্ঞপ্তিতে আগামীকাল থেকে আগামী ১২ই জুন পর্য্যন্ত জেলার গ্রাম পঞ্চায়েতগুলিতে চলা বিকশিত কৃষি সংকল্প অভিযানের নির্ঘন্ট জানিয়ে দিয়েছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে প্রতিদিন সকাল ১০টা থেকে জেলার গ্রাম পঞ্চায়েতগুলিতে এই অভিযান চালানো হবে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে আগামীকাল কৃষি সংকল্প অভিযানের উদ্বোধনী অনুষ্ঠান সাদারাশী ও নারায়নপুর গ্রামের দূর্গাবাড়ীতে অনুষ্ঠিত হবে । পাশাপাশি ৩০শে মে রাণীবাড়ী ও কৃষ্ণনগর গ্রাম পঞ্চায়েতে , ৩১শে মে লক্ষীবাজার ও মালুয়া শ্রীগৌরী গ্রাম পঞ্চায়েতে , দোসরা জুন বারইগ্রাম ও কালাচাঁন্দ গ্রামে , তেসোরা জুন ডেঙ্গারবন্দ ও পাথারকান্দি গ্রামে , চৌঠা জুন নয়াটিলা , আনিপুর ও বরুয়ালা গ্রাম পঞ্চায়েতে, ৫ই জুন গামারিয়া ও আনন্দপুর গ্রামে , ৬ই জুন লোয়াইরপোয়া ও কলকলিঘাট গ্রামে , ৯ই জুন দুর্লভছড়া ও সিংলাছড়া গ্রামে , ১০ই জুন ফরিদকোনা, আসিমগঞ্জ ও কাজিরবাজার গ্রামে , ১১ই জুন লালছড়া ও চেরাগী গ্রামে এবং ১২ই জুন কেউটকোনা ও প্রসারপুর গ্রামে বিকশিত ভারত কৃষি সংকল্প অভিযানের কার্য্যসূচী অনুষ্ঠিত হবে । জেলা কৃষি আধিকারিক এই অভিযানে সংশ্লিষ্ট গ্রামের কৃষকদের স্বত:ফূর্তভাবে অংশগ্রহন করার আহ্বান জানিয়েছেন ।

---

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির নবনিযুক্ত সভাপতি ও সাংসদ গৌরব গগৈ পাকিস্তানের কোনো সংস্থার সঙ্গে তাঁর কোনো প্রকারের যোগাযোগ থাকার অভিযোগ অস্বীকার

করেছেন । আজ নতুনদিল্লিতে সাংবাদিকদের সঙ্গে হওয়া কথাবার্তায় শ্রী গগৈ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার এই সম্পর্কে উত্থাপিত অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন বলে অভিহিত করেছেন । শ্রী গগৈ অবশ্য বলেন যে- ১৪-১৫ বছর আগে তাঁর স্ত্রীর একটি আর্ন্তজাতিক স্বেচ্ছাসেবী সংগঠনের কাজের সূত্রে তিনিও পাকিস্তান ভ্রমণে গিয়েছিলেন । এই ভ্রমণ সম্পূর্ণ বৈধ ছিল বলে তিনি দাবী করেছেন । তিনি আরো অভিযোগ করেন যে- বিজেপি’ ছত্রছায়ায় উত্তর পূর্বাঞ্চল অবৈধ কয়লা এবং মাদক দ্রব্যের কেন্দ্র রূপে পরিগণিত হয়েছে । বিধি বলবৎকারী সঞ্চালকালয়ের সাম্প্রতিক তল্লাশি অভিযানের জের টেনে শ্রী গগৈ বাস্তবিক পরিস্থিতি চিন্তাজনক বলে অভিহিত করেন । এবং ক্ষমতাসীন বিজেপি সরকার এই সমস্যার প্রতি নজর দিচ্ছে না বলে তিনি অভিযোগ করেছেন ।

মুখ্যমন্ত্রী ডঃ শর্মা এই সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন যে- অবশেষে গৌরব গগৈ তাঁর পাকিস্তানে যাওয়ার কথাটি স্বীকার করলেন । এবং গৌরব গগৈর সম্পর্কে তিনি এতদিন ধরে যেসব কথা বলে আসছেন, সেগুলির সত্যতা তিনি প্রমাণ করবেন বলে ডঃ শর্মা সামাজিক মাধ্যমের এক্স হ্যান্ডেলে প্রকাশ করেছেন ।

এদিকে মুখ্যমন্ত্রীর তদারকি কোষ গৌরব গগৈর পাকিস্তান ভ্রমণ সম্পর্কে কংগ্রেসের প্রবীণ নেতা রিপুণ বরাকে আগামীকাল বেলা এগারোটায় উপস্থিত থাকতে বলেছে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা , খাদ্য ও গন বন্টন প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া হাইলাকান্দি জেলাকে উচ্চাকাংখী জেলা থেকে উন্নত জেলা হিসেবে গড়ে তুলতে বাকী থাকা সব কাজ দ্রুত শেষ করতে প্রশাসনের আধিকারীকদের নির্দেশ দিয়েছেন । তিন দিনের হাইলাকান্দি জেলা সফরের শেষ দিন আজ জেলা প্রশাসনের সঙ্গে অনুষ্ঠিত একটি পর্য্যালোচনা বৈঠকে মন্ত্রী এই নির্দেশ দিয়েছেন । বৈঠকে মন্ত্রী বলেন যে জেলায় উপলব্ধ প্রাকৃতিক সম্পদকে কাজে লাগিয়ে জেলাবাসীর আয় বাড়ানোর নতুন প্রকল্প হাতে নিতে হবে । তিনদিনের হাইলাকান্দি জেলা সফরকালে প্রধানমন্ত্রী আবাস যোজনার হিতাধিকারীদের সঙ্গে মত বিনিময় করার পাশাপাশি দারিদ্র দূরীকরনে নেওয়া শিক্ষা, স্বাস্থ্য , কৃষি , পশুপালন , জীবিকা মিশন ,গ্রাম উন্নয়ন , জল সম্পদ বিভাগের কাজকর্ম সর্ম্পকে অবগত হয়েছেন এবং জেলা প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য , গনবন্টন , গ্রাহক পরিক্রমা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে বন্যা মোকাবিলার প্রস্তুতি খতিয়ে দেখতে একটি উচ্চপর্যায়ের পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন । বৈঠকে মন্ত্রী শ্রী রাই জানান যে বন্যা প্রতিরোধকে শুধুমাত্র একটি আপৎকালীন কর্তব্য হিসেবে নয় , বরং জীবন ও পরিকাঠামো রক্ষার সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত একটি গুরুত্বপূর্ন দায়িত্ব হিসেবে দেখতে হবে । বৈঠকে মন্ত্রী নালা-নর্দমা নিষ্কাশন , স্লুইচ গেইটগুলিকে সচল করা ,নদী বাঁধগুলির দৃঢ়তা এবং দূর্যোগ প্রবন এলাকায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের পর্যাপ্ত মজুত , খাদ্য সামগ্রীর মূল্য নিয়ন্ত্রন রাখার উপর জোর দিয়েছেন ।

আজকের সভায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব , চার বিধায়ক মিহির কান্তি সোম , দীপায়ন চক্রবর্তী , নীহার রঞ্জন দাস এবং মিসবাহুল ইসলাম লস্কর সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

পশ্চিম কাটিগড়ার জালালপুরে গতরাত্রে কাছাড় পুলিশ স্থানীয় জনসাধারণের সহযোগিতায় ৩০জন বাংলাদেশীকে আটক করতে সমর্থ হয়েছে । তারা জালালপুরে পাঁচটি অটো দিয়ে যাওয়ার সময়ে পুলিশ তাদেরকে আটক করে জিজ্ঞাসাবাদ করলে সঠিক উত্তর দিতে না পারায় স্থানীয় লোকেদের মধ্যে সন্দহ দেখা দেয়। ধৃতদের মধ্যে পুরুষ, মহিলা এবং শিশুও ছিল । আমাদের শিলচরের সংবাদদাতা জানিয়েছেন যে- তারা বিভিন্ন স্থানের ভারত-বাংলাদেশ সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে নানান রাজ্যে শ্রমিক হিসেবে কাজ করছিল । এবং গতরাত্রে দালালের সহায়তায় বাংলাদেশে ফিরে যাওয়ার চেষ্টা করে । ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের আটক করে জেরা আরম্ভ করেছে ।

-----------------------------------------------------------------------------------------